

## বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র উদ্যোগে

বাংলাদেশ কালচারাল স্কুল সিডনী'র শিক্ষা সফর

সম্প্রতি বাংলাদেশ সোসাইটি অব সিডনী পরিচালিত রকডেলে অবস্থিত বাংলাদেশ কালচারাল স্কুল সিডনী'র শিক্ষা সফর ২০১০ অনুষ্ঠিত হয়ে গেল। এবারের শিক্ষা সফরে রেপটাইল পার্ক ও নেলসন বে তে বোটে করে ডলফিন দেখা অন্তর্ভুক্ত ছিল। ৪৫ জনের একটি দল সফরে অংশ গ্রহন করে।



দলটি সারাদিনের জন্য একটি বাস ভাড়া করে বাংলা স্কুল থেকে রওয়ানা হয়ে প্রথমে রেপটাইল পার্কে যায়। সেখানে স্কুলের ছাত্র-ছাত্রী এবং অভিভাবকরা বিভিন্ন শো তে অংশগ্রহন করে। তাসমানিয়ান ডেভিল এবং এলিগেটরদের খাওয়ানোর শো দুটি ছিল অত্যন্ত আকর্ষণীয়।

এরপর যাত্রা শুরু হয় নেলসন বে'র উদ্দেশ্যে। নেলসন বে তে একটি দোতলা বোটে করে ডলফিন দেখার জন্য উদ্দেশ্যে যাত্রা শুরু হয়। ডলফিনদের কাছে এসে থেমে গেল নৌযান। চারিদিকে পানিতে ডলফিনের ছড়াছড়ি। সবাই ছুটাছুটি শুরু করে - বোটটির চারিদিক থেকে ডলফিন দেখার জন্য। মনমুগ্ধকর এই দৃশ্যটি দীর্ঘদিন সবার মনে থাকবে।

এবার ঘরে ফেরার পালা কিন্তু সবার মন পড়ে রইলো ডলফিনদের কাছে। বাসের ভিতরে ছিল মাইক্রোফোনের সুবিধা। তাতে নানা ধরনের ধাধা, কৌতুক ও গান ভ্রমনের আনন্দে যুক্ত করেছে একটি নতুন মাত্রা। এবারের শিক্ষা সফর সকলেই উপভোগ করেছে প্রাণ ভরে।



সফর পরিচালনায় ছিলেন বাংলাদেশ কালচারাল স্কুলের প্রিন্সিপ্যাল ড: মোহাম্মদ হাবিব উল্লাহ। সফর সংগী হিসেবে ছিলেন বাংলাদেশ সোসাইটি অব সিডনী'র সভাপতি সর্ব জনাব শহীদুজ্জামান আলো, প্রাক্তন সভাপতি নাজমুল হুদা, সহ সভাপতি হায়াত মাহমুদ, সাধারণ সম্পাদক শফিকুর রহমান চৌধুরী, ক্রীড়া সম্পাদক নাজমুল ইসলাম।